



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd
রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা

স্মারক নম্বর- রাশিবো/এস-১/১/পনি(২য় খন্ড)/১১৫৯(৫০০)

তারিখ : ২২ নভেম্বর ২০২১

বিষয় : ২০২১ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা গ্রহণ ও উত্তরপত্র হাতে হাতে বোর্ডে জমা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ০২ ডিসেম্বর থেকে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা ২০২১ “সৃজনশীল” প্রশ্নপত্র পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে এবার পরীক্ষা শেষ হওয়ার ৩০(ত্রিশ) দিনের মধ্যে পরীক্ষার ফল প্রকাশিত হবে। তাই পরীক্ষার উত্তরপত্রসমূহ OMR এর ১ম অংশ, বহুনির্বাচনি OMR পৃথকভাবে হালকা সবুজ কাপড়ে এবং লিখিত উত্তরপত্র ৫০টি করে করোগেটেড সীট দ্বারা বেঁধে বস্তাবন্দী করে সিলগালাকৃত অবস্থায় জেলা সদরের ট্রেজারী অফিস/উপজেলার ট্রেজারী/থানা লকার/ব্যাংক লকারে সংরক্ষণ করতে হবে। প্রতিদিন পরীক্ষা শেষে বিগত বছরের ন্যায় স্থানীয় কেন্দ্রের OMR সমূহ শিক্ষা বোর্ড প্রশাসনিক ভবনের নিচতলায় এবং লিখিত উত্তরপত্র বোর্ডের নির্ধারিত গোড়াউনে জমা দেয়া যাবে। OMR এর ১ম অংশ, বহুনির্বাচনি OMR এবং লিখিত উত্তরপত্র নিরাপদ হেফাজতে সংরক্ষণের নিমিত্ত প্রত্যয়নপত্রসহ পুলিশী পাহারায় হাতে হাতে রাজশাহী শিক্ষা বোর্ডে জমা দিতে হবে। জমা দেয়ার সময় OMR এর ১ম অংশ এবং বহুনির্বাচনি OMR হালকা সবুজ কাপড়ে মুড়ানো অবস্থায় বস্তায় শিক্ষা বোর্ড প্রশাসনিক ভবনের নিচতলায় এবং লিখিত উত্তরপত্রের বস্তা বোর্ডের নির্ধারিত গোড়াউনে জমা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

ক্রমিক	পরীক্ষার তারিখ	জমাদানের তারিখ
০১	০২/১২/২০২১, ০৫/১২/২০২১, ০৬/১২/২০২১, ০৭/১২/২০২১, ০৮/১২/২০২১ এবং ০৯/১২/২০২১	১১/১২/২০২১ শনিবার
০২	১২/১২/২০২১, ১৩/১২/২০২১, ১৫/১২/২০২১, ১৯/১২/২০২১, ২০/১২/২০২১ এবং ২১/১২/২০২১	২২/১২/২০২১ বুধবার
০৩	২২/১২/২০২১, ২৩/১২/২০২১, ২৭/১২/২০২১, ২৮/১২/২০২১, ২৯/১২/২০২১ এবং ৩০/১২/২০২১	৩০/১২/২০২১ বৃহস্পতিবার

বি: দ্র: কোন কারণে ৩০/১২/২০২১ তারিখে উত্তরপত্র জমা দেয়া সম্ভব না হলে অবশ্যই ৩১/১২/২০২১ তারিখে জমা দিতে হবে। কোনক্রমেই পরীক্ষার OMR এর ১ম অংশ, বহুনির্বাচনি OMR এবং লিখিত উত্তরপত্র ডাকযোগে প্রেরণ করা যাবে না।

বিষয়টি অতিব জরুরি ও জনগুরুত্বপূর্ণ বিধায় সকলের সহযোগিতা একান্ত কাম্য।

প্রয়োজনে যোগাযোগ : সহ-পরীক্ষা নিয়ন্ত্রক(জিস্ট/গোপনীয়)
টেলিফোন নম্বর : ০২৪৭-৮১২২৯৩, ০৭২১-৭৭৬৩৭৩

প্রাপক
ভারপ্রাপ্ত কর্মকর্তা(সকল)
এইচএসসি ২০২১ পরীক্ষা
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-এর আওতাধীন

মো. আরিফুল ইসলাম

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
controller@rajshahieducationboard.gov.bd

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩. কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৪. মেট্রোপলিটন পুলিশ কমিশনার/ডিআইজি অব পুলিশ, রাজশাহী
৫. মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক /অগ্রণী ব্যাংক /জনতা ব্যাংক /কৃষি ব্যাংক, ঢাকা বাংলাদেশ
৬. পরিচালক(সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৭. জেলা প্রশাসক, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলা
৮. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এর সংশ্লিষ্ট কর্মকর্তা
৯. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
১০. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী অঞ্চল, রাজশাহী
১১. ইঞ্জিনিয়ার ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, রাজশাহী
১২. পুলিশ সুপার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
১৩. উপজেলা নির্বাহী কর্মকর্তা(সকল), রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
১৪. রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার সকল ট্রেজারী অফিসার
১৫. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক /অগ্রণী ব্যাংক /জনতা ব্যাংক
১৬. কৃষি ব্যাংক, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
১৭. জেলা শিক্ষা কর্মকর্তা, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
১৮. অধ্যক্ষ, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান
১৯. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
২০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার সকল থানা
২১. সেরময়ান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
২২. অফিস নথি